

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা
কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

সোমবার, নভেম্বর ২৫, ২০১৩

নির্বাচন কমিশন
বাংলাদেশ
নির্বাচন কমিশন সচিবালয়
শেরে বাংলা নগর, ঢাকা
প্রজ্ঞাপন

তারিখ, ১১ অগ্রহায়ণ ১৪২০ বঙ্গাব্দ/২৫ নভেম্বর ২০১৩ খ্রিস্টাব্দ

নং ১৭.০০.০০০০.০৩৪.৩৬.০২০.১৩-৪৫৯—যেহেতু, গণপ্রজাতন্ত্রী বাংলাদেশের সংবিধানের (অতঃপর সংবিধান বলিয়া উল্লিখিত) অনুচ্ছেদ ৬৫ এর অধীন সংসদ গঠন করিবার জন্য সংবিধানের ১২৩ অনুচ্ছেদের অধীন সংসদ-সদস্যদের সাধারণ নির্বাচন অনুষ্ঠান করা প্রয়োজন;

সেহেতু, গণপ্রতিনিধিত্ব আদেশ, ১৯৭২ এর অনুচ্ছেদ ১১ এর দফা (১) অনুসারে, নির্বাচন কমিশন বাংলাদেশ, জাতীয় সংসদ গঠন করিবার উদ্দেশ্যে প্রত্যেক নির্বাচনি এলাকা হইতে একজন সদস্য নির্বাচনের জন্য ভোটারগণকে আহ্বান জানাইতেছে এবং উক্ত নির্বাচন অনুষ্ঠানের জন্য নিম্নলিখিত সময়সূচিও ঘোষণা করিতেছে :

(ক)	রিটার্নিং অফিসার/সহকারী রিটার্নিং অফিসারের নিকট মনোনয়নপত্র দাখিলের শেষ তারিখ	:	১৮ অগ্রহায়ণ ১৪২০ ০২ ডিসেম্বর ২০১৩ (সোমবার)
(খ)	রিটার্নিং অফিসার কর্তৃক মনোনয়নপত্র বাছাইয়ের তারিখ	:	২১-২২ অগ্রহায়ণ ১৪২০ (বৃহস্পতিবার- ০৫-০৬ ডিসেম্বর ২০১৩ শুক্রবার)
(গ)	প্রার্থিতা প্রত্যাহারের শেষ তারিখ	:	২৯ অগ্রহায়ণ ১৪২০ ১৩ ডিসেম্বর ২০১৩ (শুক্রবার)
(ঘ)	ভোট গ্রহণের তারিখ	:	২২ পৌষ ১৪২০ ০৫ জানুয়ারি ২০১৪ (রবিবার)

নির্বাচন কমিশনের আদেশক্রমে

ড. মোহাম্মদ সাদিক
সচিব।

মোঃ নজরুল ইসলাম (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ সরকারি মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।
আবদুর রশিদ (উপসচিব), উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস,
তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১০০০৭)

মূল্য : টাকা ৪.০০